গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mowr.gov.bd

পানি সম্পদ মন্ত্রণালয়ের জুলাই, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	০৭ আগস্ট, ২০২২
সভার সময়	বেলা ১১.৩০ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
০১.	গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন।	গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে শাখা, অধিশাখা কিংবা সংস্থাসমূহের কোন সংশোধনী বা দ্বিমত আছে কিনা তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হ'ল।	প্রশাসন-০২ শাখা, পাসম।
০২.	Time bound প্রতিবেদন প্রেরণ।	মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি অন্যান্য মাসিক, ত্রৈমাসিক ও Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি মহোদয় যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।	Time bound অনুযায়ী বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম।
০৩.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা।	এ বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, (ক) বর্তমান হালনাগাদ তালিকা অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয়কর্তৃক বাস্তবায়নযোগ্য মাননীয়প্রধানমন্ত্রীর মোটপ্রতিশ্রুতি ৫০টি। বাস্তবায়ন সমাপ্তকৃত ৪০টি এবংবাস্তবায়নাধীন ৭টি। প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়াধীন এরূপ প্রতিশ্রুতি ২টি। সমীক্ষা সমাপ্তির পর ডিপিপি প্রণীত হবে এরূপ প্রতিশ্রুতি ১টি।	(ক) প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নে বাপাউবো এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। (খ) বাপাউবো কর্তৃক দাখিলকৃত প্রকল্পসমূহ অনুমোদনের বিষয়টি	উন্নয়ন-০২ শাখা, পরিকল্পনা উইং,পাসম ও বাপাউবো।

		(খ) বাস্তবায়নাধীন প্রতিশ্রুতিসমূহের আংশিক কার্যক্রম হিসেবে নিম্নরূপ ০২টি ডিপিপি প্রণয়ন করে পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছেঃ ১। “বগুড়া জেলায় যমুনা নদীর তীর সংরক্ষণ ও পুর্নবাসন” শীর্ষক প্রকল্পের ডিপিপি’র উপর ১৩/০৬/২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে ২য় বার পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি পানি সম্পদ মন্ত্রণালয় হতে ১৭.০৪.২০২২ খ্রিঃ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।বর্তমানে ডিপিপিটি পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য অপেক্ষমান রয়েছে। ২। “করতোয়া নদী উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ডিপিপি-টি দেড় বছর যাবত পরিকল্পনা কমিশনে পিইসি সভার জন্য অপেক্ষমান থাকে। সর্বোপরি ২০২১-২২ অর্থ-বছরের এডিপি বইয়ের সবুজ পাতা হতে বাদ দেয়া হয়। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে স্বতন্ত্র সম্ভাব্যতা সমীক্ষাকার্যক্রম চলমান রয়েছে। বাস্তবায়নাধীন প্রতিশ্রুতির আওতায় ২টি প্রকল্পের ডিপিপি’র সর্বশেষ পর্যায় নিম্নরূপঃ ১। কুড়িগ্রাম জেলায় তিস্তা নদী পুনঃখননের জন্য ১টি পিডিপি প্রণয়ন করে ইআরডি-তে দাখিল করা হয়েছে। ২। কুড়িগ্রাম জেলায় গঙ্গাধর নদীর পুনঃখনন কাজ “৬৪টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়াধীন এরূপ ২টি প্রতিশ্রুতি বাস্তবায়নের স্বার্থেনিম্নোক্ত ২টি প্রকল্প প্রণয়ন করা হয়েছেঃ ১। উড়িরচর-নোয়াখালী ক্রসড্যাম নির্মাণ প্রকল্পের বিষয়ে ২য় বার অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে ৫৩৬১৩.৫৯ লক্ষ টাকা ব্যয়	তরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।	

		সম্বলিত পূণর্গঠিত ডিপিপি পাসম হতে গত ২৮/০৪/২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। এ প্রকল্পটি একনেক সভায় উপস্থাপনের জন্য প্রণীত সারসংক্ষেপ মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সদয় সন্মতির জন্য উপস্থাপন করা হলে মাননীয় পরিকল্পনা মন্ত্রী ডিপিপি'র অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনের বৈদেশিক প্রশিক্ষণ, সন্মানী ভাতা বিভিন্ন কমিটির জন্য এবং সন্মানী ভাতা মধ্যবর্তী মূল্যায়নের জন্য অঙ্গসমূহ বাদ দিয়ে প্রকল্পের সারসংক্ষেপ অনুমোদন করেন। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর নির্দেশনা অনুসারে বোর্ড পর্যায়ে ডিপিপি'র পূর্নগঠন কাজ চলমান রয়েছে। ২। "কক্সবাজার সমুদ্র সৈকত ভাঙ্গন প্রতিরক্ষা এবং টেকসই ও পরিবেশবান্ধব সৌন্দর্যবর্ধন" শীর্ষক প্রকল্পের বিষয়ে পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক প্রকল্প সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে গত ২২/১২/২০২১ তারিখে মন্ত্রণালয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। তৎপরবর্তী সময় হতে পিইসি সভার জন্য ডিপিপি'টি পরিকল্পনা কমিশনে অপেক্ষমান রয়েছে।		

০৪.	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা।	সভায় যুগ্মসচিব (প্রশাসন) বলেন, ক) পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন ত্বরান্বিত করার প্রচেষ্টা অব্যাহত আছে। (খ) বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নের জন্য "যমুনা রিভার ইকোনমিক করিডর ডেভোলপমেন্ট প্রোগ্রাম, ফেজ-১ (বাপাউবো অংশ)" শিরোনামে পাইলট প্রকল্পটির বিষয়ে বিশ্বব্যাংক নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সমীক্ষা কাজ চলমান আছে। সমীক্ষা সমাপ্তিতে প্রাপ্ত সুপারিশের আলোকে ফুলছড়ি এলাকার জন্য Top Block Permeable গ্রোয়েন এর নকশা, ব্যয় প্রাক্কলন প্রাপ্তিতে ডিপিপি পূর্ণগঠন করা হবে। কম্পোনেন্ট-৩ এর ডিপিপি'তে অর্ন্তভূক্ত Global Risk Financing Facility (GRiF) এর অর্থায়নে শষ্যবীমা অঙ্গটি অর্ন্তভূক্ত রয়েছে। শষ্যবীমা অংশটি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত বিশ্বব্যাংক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করেছে। বিশ্বব্যাংক কর্তৃক নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠান এ সম্পর্কিত কোন রিপোর্ট ও সুপারিশ সম্পর্কে বাপাউবো'তে কোন তথ্য প্রদান করেনি।	(ক) পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। (খ) বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নের জন্য "যমুনা রিভার ইকোনমিক করিডর ডেভেলপমেন্ট প্রোগ্রাম, ফেজ-১ (বাপাউবো অংশ)" শিরোনামে পাইলট প্রকল্পের সমীক্ষা কাজ সম্পন্ন করে পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	বাপাউবো এবং সংশ্লিষ্ট শাখা, পাসম

০৫.	বার্ষিক কার্য সম্পাদন চুক্তি।	যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, ক) পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাপ্রধানদের সাথে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২৭ জুন ২০২২ তারিখে স্বাক্ষরিত হয়। খ) ১৪-১৭ জুলাই ২০২২ পর্যন্ত দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় ও বাপাউবোর নিজস্ব জায়গায় বৃক্ষরোপন কর্মসূচিতে মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের অংশগ্রহণ করার বিষয়ে গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। **সভাপতি মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে তাদের নির্ধারিত জেলা ভ্রমণ করে বৃক্ষরোপনের নির্ধারিত টার্গেট পূরণের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।** গ) ২৩-০৭-২০২২ তারিখ পর্যন্ত বিভাগ/প্রকল্পওয়ারী বৃক্ষ রোপনের অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, পরিকল্পনাধীন বৃক্ষরোপন কার্যক্রমের জন্য মোট চারার সংখ্যা ১৭,০৬,৭১৬ টি এবং বৃক্ষরোপনের অগ্রগতি ৩১-০৭-২০২২ পর্যন্ত ১,৮৩,৭২২ টি। **এ বিষয়ে সভাপতি বৃক্ষরোপনের অগ্রগতি যথাযথ না হওয়ার বিষয়টি জানতে চাইলে** পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখার **সিনিয়র সহকারী সচিব, জানান, সর্বশেষ ০৪-৮-২০২২ তারিখ পর্যন্ত প্রর্যন্ত প্রায় ৩ লক্ষ বৃক্ষরোপন করা হয়েছে।**	(ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০২২-২৩ অর্থ বছরের এপিএ এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। (খ) দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় ও বাপাউবোর নিজস্ব জায়গায় বৃক্ষরোপন কর্মসূচিতে মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাদের নির্ধারিত জেলা ভ্রমণ করবেন এবং বৃক্ষরোপনের নির্ধারিত টার্গেট পূরণের ব্যবস্থা গ্রহণ করবেন। (গ) পরিকল্পনা অনুযায়ি মাঠ পর্যায়ে দ্রুত বৃক্ষরোপন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) প্রোগ্রামার, পাসম ও সংশ্লিষ্ট সংস্থা। খ) বাপাউবো ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা পাসম গ) বাপাউবো ও পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা পাসম
০৬.	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ এবং অন্যান্য আইসিটি বিষয়ক কর্যক্রম।	সভায় যুগ্মসচিব (প্রশাসন) জানান, ক) মন্ত্রণালয়ের সকল শাখা, অধিশাখায় ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। খ) সংস্থাসমূহের মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদের রিপোর্ট পাওয়া গেছে। গ) তথ্য বাতায়ন হালনাগাদের ত্রৈমাসিক প্রতিবেদন পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ হতে পাওয়া গেছে। সংস্থাসমূহের তথ্য বাতায়ন হালনাগাদ রয়েছে। **সভায় জানানো হয় যে, বাপাউবো মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ওয়েবসাই**	(ক) সকল শাখা, অধিশাখা এবং সংস্থাসমূহের নথিসমূহের কার্যক্রম ই-নথিতে সম্পাদন করতে হবে। ই-নথির পাশাপাশি গুরুত্বপূর্ণ নথিসমূহ হার্ড নথিতেও সম্পাদন করা যাবে। (খ) সংস্থাসমূহ তথ্য বাতায়ন হালনাগাদের রিপোর্ট মাঠ পর্যায় থেকে	সকল সংস্থা প্রধান/ সকল অধিশাখা/শাখা, এবং আইসিটি শাখা, ও প্রশাসন-২ শাখা, পাসম

		আপলোডকৃত মোবাইল নম্বরে ফোন করা হলে, কিছু কিছু কর্মকর্তা জানান তারা অন্যত্র বদলী হয়ে গেছে। সংস্থাসমূহের কর্মকর্তাদের নাম ও মোবাইল নম্বর ওয়েরসাইটে হালনাগদ না থাকার কারণে যোগাযোগের ক্ষেত্রে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) পাসম জানান, সংস্থাসমূহের কর্মকর্তাদের নাম ও মোবাইল নম্বর ওয়েবসাইটে হালনাগাদ রাখতে হবে। সভাপতি ওয়েবসাইট হালনাগাদকরণ ও গুরুত্বপূর্ণ বিষয় আপলোড করণের জন্য একটি মনিটরিং কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন। ঘ) বাপাউবোর দপ্তরসমূহে ই-ফাইলিং কার্যক্রম চলমান রয়েছে এবং নথি দ্রুত নিষ্পত্তির স্বার্থে মন্ত্রণালয়ের অনুরূপ ডাউনের ধাপ কমিয়ে ই-নথি সহজীকরণ করা হচ্ছে। ওয়ারপো, বাহাওজউঅ, নগই, জে আর সি এর ই-ফাইলিং কার্যক্রম তরান্বিত করার চেষ্টা অব্যাহত আছে। আইসিটি বিষয়ক সকল কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। যেমন; ১। ই-নথি সিস্টেম, ই-রিকুইজিশন সিস্টেম, ইকুইপমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম, জিআরএস সিস্টেম সংক্রান্ত কার্যক্রম। ২। মন্ত্রণালয়ের ওয়েবসাইট, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য হালনাগাদ ইত্যাদি। ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন ও এর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ। ৪। ইন্টারনেট, নেটওয়ার্ক, সার্ভার, কম্পিউটার মেইন্টেন্যান্স ইত্যাদি কার্যক্রম। ৫। ই-গভার্নেন্স ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম। ঙ) প্রকল্প স্টিয়ারিং কমিটির সভার নোটিশ, কার্যবিবরণী ও হাজিরার	সংগ্রহ করে প্রতি তিন মাস অন্তর মন্ত্রণালয়ে রিপোর্ট প্রেরণ করবে। (গ) (i) সংস্থাসমূহ তাদের কর্মকর্তাদের নাম ও মোবাইল নম্বর ওয়েবসাইটে হালনাগাদ রাখবে। (ii) মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণ গুরুত্বপূর্ণ বিষয় আপলোড করণের জন্য মন্ত্রণালয়ের ৪ (চার) জন কর্মকর্তার সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠন করতে হবে। (ঘ) সংস্থাসমূহের ই-ফাইলিং কার্যক্রম তরান্বিত করতে হবে এবং নথি দ্রুত নিষ্পত্তির স্বার্থে মন্ত্রণালয়ের অনুরূপ ডাউনের ধাপ কমিয়ে সংস্থাসমূহের ই-নথি সহজীকরণ করতে হবে। (ঙ) প্রকল্প স্টিয়ারিং কমিটির সভার নোটিশ, কার্যবিবরণী ও হাজিরার অনুলিপি শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।

		অনুলিপি শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট নিয়মিত প্রেরণ করছে। স্টিয়ারিং কমিটির সভার নোটিশ, কার্যবিবরণী ও হাজিরার অনুলিপি ই-নথিতে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট দেয়া প্রয়োজন।		
০৭.	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি পর্যালোচনা।	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি নিয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান, (ক) প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর কর্তৃক বিভিন্ন দপ্তর হতে গৃহীত তালিকা অনুসারে বাপাউবোর ১টি দপ্তরের ১টি বিষয় পানি সম্পদ মন্ত্রণালয়ে অনিষ্পন্ন রয়েছে (অনিষ্পন্ন বিষয়ের তালিকা সংযুক্ত)। মন্ত্রণালয়ের নিকট বাহাওজউঅ, জে আর সি, নগই, ওয়ারপোর অনিষ্পন্ন কোন বিষয় নেই। প্রাপ্ত তথ্য মতে সংস্থাসমূহের নিকট এ মন্ত্রণালয়ের পরিকল্পনা-২, ৩, ৫, ৬ এবং বাজেট শাখার কোন অনিষ্পন্ন বিষয় নেই। এছাড়া অন্য কোন শাখা থেকে অনিষ্পন্ন বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। (খ) কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর কর্তৃক গত ০৯.০২.২০২২খ্রিঃ হতে ৫দফায় ঢাকাস্থ দপ্তরে কর্মরত ১১৯ জন কর্মকর্তাকে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হয়েছে। ইহা ছাড়াও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রশিক্ষণ ইনস্টিটিউট (বাড়াদি ও ভাগ্যকুল) এ অন্যান্য প্রশিক্ষণের সাথে ই-নথির প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে। নির্দেশনা অনুযায়ী বাহাওজউঅও নগইতে ই-নথি প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	(ক) সংস্থাসমূহের নিকট যে বিষয়গুলো অনিষ্পন্ন রয়েছে তা দ্রুত নিষ্পন্ন করতে হবে এবং সংস্থাসমূহের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়ের তালিকা এবং মন্ত্রণালয়ের নিকট সংস্থাসমূহের অনিষ্পন্ন বিষয় যাচাই করে তালিকা প্রেরণ অব্যাহত রাখতে হবে। (খ) যে সংস্থা কর্তৃক ই-নথির প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়নি সে সংস্থা ই-নথির প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।	(ক) সকল অধিশাখা/ শাখা পাসম ও সকল সংস্থা। (খ) আইসিটি শাখা, পাসম ও সকল সংস্থা।
০৮.	উন্নয়ন প্রকল্প পরিদর্শন।	(i) জেলাভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের মধ্যে ৩১ জুলাই ২০২২ পর্যন্ত ০৭(সাত) জন কর্মকর্তা ১৭টি জেলায় ২০টি চলমান প্রকল্প পরিদর্শন এবং বৃক্ষরোপন কার্যক্রম পরিদর্শন করেছেন। ০১ আগস্ট ২০২২ তারিখে ৪২.০০.০০০০.০৫১.৯৯.০০১.১৯-২২৩ স্মারকের মাধ্যমে পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য তাগিদপত্র প্রেরণ করা	(ক) (i) জেলাভিত্তিক যে সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলার চলমান ও সমাপ্ত প্রকল্পসহ অন্যান্য প্রকল্পসমূহ পরিদর্শন করেননি তারা দ্রুত পরিদর্শন পূর্বক	(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা এবং (পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা), বাজেট শাখা, পাসম ও মহাপরিচালক, বাপাউবো। (গ) উপসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা), পাসম। (ঘ) মহাপরিচালক, বাপা্উবো

		হয়েছে। (ii) প্রকল্প পরিদর্শন এবং আপদকালীন কাজ পরির্দশনের তথ্য সংগ্রহের জন্য MS Excel সিটে একটি ডাটাবেইজ তৈরী করা হয়েছে। (খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ নিজ নিজ জেলা পরিদর্শন করেছেন। শীঘ্রই পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমেপরিদর্শন প্রতিবেদন উপস্থাপনার আয়োজন করা হবে। (গ) ২০২২-২৩ অর্থবছরে বাপাউবোর অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) চাঁদপুর জেলার বিভিন্ন প্রকল্প পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করেছেন।	প্রতিবেদন দাখিল করবেন। যে সকল কর্মকর্তা পরিদর্শন করেননি তাদেরকে পরিদর্শন করার জন্য পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা হতে পুনরায় তাগিদপত্র দিতে হবে। (ii) **প্রকল্প পরিদর্শন এবং আপদকালীন কাজ পরিদর্শন সংক্রান্ত তথ্য MS Excel ডাটা সিটে তথ্য আপলোড করবে।** (iii) পরিদর্শনকারী কর্মকর্তাগণ আলাদাভাবে আপদকালীন কাজ পরিদর্শনের প্রতিবেদন দাখিল করবেন। (খ) কর্মকর্তাদের পরিদর্শন প্রতিবেদনের উপর সপ্তাহে এক দিন আলোচনা এবং প্রতিবেদনের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করার ব্যবস্থা পুনরায় গ্রহণ করতে হবে। (গ) বাপাউবোর উর্দ্ধতন কর্মকর্তগণকে মাঠ পর্যায়ের সকল প্রকল্পসহ অফিস পরিদর্শন করে মহাপরিচালক বাপাউবোর নিকট প্রতিবেদন দাখিল অব্যাহত রাখতে হবে এবং প্রতিবেদনের অনুলিপি মন্ত্রণালয়ে দিতে হবে।	

০৯.	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাপাউবো'র অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারিদের আবাসিক ভবন নির্মাণ।	গত ০২.০৬.২০২২খ্রিঃ পানি সম্পদ মন্ত্রণালয়ে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পটির উপর স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় "সম্পূর্ণ প্রকল্পটিকে ৩টি পর্যায়ে বিভক্ত করতে হবে এবং ১ম পর্যায়ের গুরুত্বপূর্ণ ও অগ্রাধিকারভূক্ত স্থাপনা অন্তভূক্ত করে ডিপিপি ১৭০০ কোটি টাকার মধ্যে প্রণয়ন করতে হবে। প্রস্তাবিত ডিপিপির অন্তভূক্ত সকল অবকাঠামোর নকশা ও প্রাক্কলিত ব্যয় নির্দ্ধারণ করতে হবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত ও সম্পাদিত সমীক্ষার সুপারিশের আলোকে ১ম পর্যায়ে জুলাই/২০২২ হতে জুন/২০২৪ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ১৮০৬৬৩.০২ লক্ষ টাকা ব্যয় সম্বলিত "বাপাউবো'র জন্য প্রয়োজনীয় আবাসিক, প্রশাসনিক ও অন্যান্য ভৌত অবকাঠামো নির্মাণ (১ম পর্যায়)" শিরোনামে প্রণীত ডিপিপি গত ৩০.০৬.২০২২ খ্রিঃ বাপাউবো হতে পানি সম্পদ মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জানান, এ বিষয়ে আগামী ১৬-৮-২০২২ তারিখে যাচাই সভা হবে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রণীত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।	দাখিলকৃত ডিপিপি মন্ত্রণালয় থেকে যাচাই এর পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা উইং পাসম

১০.	সংস্থাসমূহের মামলা সংক্রান্ত।	সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, (ক) ৩০ জুন, ২০২২ তারিখ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্বার্থ সংশ্লিষ্ট আপীল বিভাগে ৪১টি, হাইকোর্ট বিভাগে ৭৫৫টি ও নিম্ন আদালতসমূহে ৩৮৫৮টি সহ মোট ৪৬৫৪টি মামলা বিচারাধীন রয়েছে। নদী গবেষণা ইনস্টিটিউটের মামলার সংখ্যা ১৪টি এবং বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলার সংখ্যা ০৩টি ও পনিসম্পদ পরিকল্পনা সংস্থার ০১টি সহ সর্বমোট মামলার সংখ্যা ৪,৬৭২টি। (খ) মামলাসমূহের মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন যথারীতি পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রয়েছে। (গ) আদালতে বিচারাধীন বাহাওজউঅ ও নগই এর মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য তৎপরতা অব্যাহত আছে। (ঘ) বোর্ডের স্বার্থ-সংশ্লিষ্ট মামলাসমূহের তথ্যাদি স্বয়ংক্রিয়করণের লক্ষ্যে একটি ডেটাবেইজ সফটওয়্যার সংগ্রহের নিমিত্ত প্রকাশিত বিজ্ঞাপন অনুযায়ী মোট ২৬টি সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক Request for EOI দাখিল করা হয়েছে। দাখিলকৃত EOI সমূহের মূল্যায়ন প্রক্রিয়া শুরু হয়েছে।	ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break up) প্রদান করতে হবে। (গ) নগই, হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) ডেটাবেজ সফটওয়্যার তৈরীর যাবতীয় কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো, নগই, বাহাজউঅ,ওয়ারপো, আইন শাখা/ বাজেট শাখাপাসম।

১১.	সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য প্রদান।	যুগ্মসচিব (প্রশাসন) বলেন, ৩১ মে, ২০২২ পর্যন্ত বাপাউবোর চলমান বিভাগীয় মামলার সংখ্যা-২৭টি। জুন, ২০২২ মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা: (-) ০৩টি। বাপাউবোর বর্তমানে চলমান বিভাগীয় মামলার সংখ্যা: ২৪টি জুন/২০২২ মাসে নতুন দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা: (+) ০৬টি বাপাউবোর বিচারাধীন মোট বিভাগীয় মামলার সংখ্যা ৩০টি। নিস্পত্তিকৃত ৩টি মামলায় ১ জন কর্মকর্তা দোষী প্রমাণিত হওয়ায় তিরস্কার দন্ড প্রদান করা হয়েছে; ০১ জন কর্মচারীকে নিম্নধাপে অবনমিতকরণ, ১৩ জন কর্মচারীকে তিরস্কার দন্ড এবং ১ জন কর্মচারীকে দোষী প্রমাণিত না হওয়ায় অব্যাহতি প্রদান করা হয়েছে। নদী গবেষণা ইনস্টিটিউট: চলমান বিভাগীয় মামলার সংখ্যা ২টি। ২টি মামলায় ১ জন কর্মকর্তা এবং ১ জন কর্মচারী জড়িত। (খ) বিভাগীয় মামলাসমূহ বাপাউবো কর্তৃক গঠিত তদন্ত কমিটি দ্বারা বিভাগীয় মামলার বিষয়ে নীতিমালা অনুসরণ করে তদন্ত প্রক্রিয়া চলমান আছে।	(ক) সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের কত জনের বিরুদ্ধে বিভাগীয় মামলা রয়েছে, বিভাগীয় মামলা কি অবস্থায় আছে, কতজন শাস্তি পেয়েছে এবং কতজন খালাস পেয়েছে এ সংক্রান্ত তথ্য (শাস্তি ও খালাস পাওয়ার কারণ উল্লেখসহ) আগামী সভায় একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ করতে হবে। (খ) বিভাগীয় মামলার বিষয়ে নীতিমালা অনুযায়ি সকল পদক্ষেপ যথাযথভাবে অনুসরণ এবং ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল সংস্থা প্রধান এবং আইন শাখা, পাসম
১২.	অধিদপ্তর ও সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।	যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, পানি সম্পদ মন্ত্রণালয়ের ০২টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে। উক্ত ০২টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পুনঃ জবাব চেয়ে প্রশাসন-৩ শাখায় পত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২১-২২ অর্থ বছরে জুন/২০২২ পর্যন্ত ৪৯৩০টি (SFI 3473টি, Non SFI 536টি, Draft ৯21টি) অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। অডিট আপত্তি সাধারণত ব্রডশীট জবাব এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তি করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থ বছরের মোট ৫09টি (SFI 435টি, Non SFI 74টি) অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। অনিষ্পন্ন আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে পূর্ত অডিট অধিদপ্তর ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের চাহিদা অনুযায়ী যথারীতি জবাব প্রদান এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-	অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল সংস্থা ও অডিট শাখা, পাসম।

		পক্ষীয় সভার কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে ১৩টি ত্রি-পক্ষীয় সভা ও ১০টি দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভা সমূহে ২৭১টি অডিট আপত্তি নিয়ে আলোচনা হয়েছে এবং ২৫৪টি (SFI ১৯৬টি এবং Non SFI ৫৮টি) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে। নদী গবেষণা ইনস্টিটিউটের ২০২১-২২ অর্থ বছরে জুন/২০২২পর্যন্ত মোট ৩৫টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। অনিষ্পন্ন আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে পূর্ত অডিট অধিদপ্তর ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের চাহিদা অনুযায়ী যথারীতি জবাব প্রদান করা হয়েছে। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছরে মোট ১১টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। উক্ত আপত্তি সমূহের যথারীতি জবাব/পুন: জবাব প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার জুন/২০২২ সালে ০৭টি নতুন অডিট আপত্তি যুক্ত হওয়ায় বর্তমানে ১০টি আপত্তি (এসএফআই ০২+সা: ০৮) রয়েছে। উক্ত ১০টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জবাব/ পুনঃ জবাব প্রেরণ করা হয়েছে। অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম অব্যহত রয়েছে। যৌথ নদী কমিশনের 2019-2021 অর্থ বছরের ০৪টি আপত্তি জুন/২০২২ সালে পাওয়া গেছে। উক্ত ০৪টি আপত্তির (Non SFI 02+02 SFI) ইতিমধ্যে পূর্ত অডিট অধিদপ্তরে পাঠানো হয়েছে।		

১৩.	উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক প্রকল্পের ইকুপমেন্ট/গাড়ী ব্যবহার/হস্তান্তর।	যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, (ক) প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ীবিধি মোতাবেক মাঠ দপ্তরসমূহের টি.ও.এন্ড.ই তে অন্তর্ভূক্তকরণের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর হতে মাঠ দপ্তরসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে মাঠদপ্তরসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণের জন্য সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর হতে তাগাদা প্রদানসহ এলক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। গত ২১.০৭.২০২২ তারিখে বাপাউবোর্ডের যানবাহনের তথ্য টিওএন্ডইভূক্ত করে হালনাগাদকরণের নিমিত্ত ০৮ (আট) সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এ বিষয়ে পাসম'র অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, সমাপ্তকৃত প্রকল্পের গাড়ী পরিবহণ পূলে জমা দেয়ার নিয়ম রয়েছে। যুগ্মসচিব (প্রশাসন) বলেন, সমাপ্তকৃত প্রকল্পের গাড়ী টি.ও.এন্ড.ই তে অন্তর্ভূক্তকরণের সুযোগ থাকলে টি.ও.এন্ড.ই-তে অন্তর্ভূক্ত করতে হবে অথবা পরিবহণ পুলে জমা দিতে হবে। সভাপতি বাপাউবোর টি.ও.এন্ড.ই ভূক্ত এবং সমাপ্ত প্রকল্পের টি.ও.এন্ড.ই বহির্ভূত গাড়ীর তালিকা প্রেরণের নির্দেশানা প্রদান করেন। (খ) প্রকল্পের ইকুপমেন্ট ব্যবহারের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণের বিষয়টি নিশ্চিতকরণের জন্য গত ১৪.১১.২০২১ পত্র মারফত মাঠ দপ্তরসমূহকে বিষয়টি অবহিত করা হয়েছে। ওয়ারপো স্মারক নং-১০৩২ তারিখ ১৩/০৪/২০২২ এর মাধ্যমে সমাপ্ত ২টি প্রকল্পের ইকু্পমেন্ট ব্যবহারের অনুমতি চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে । (গ) বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (সাবেক বোর্ড) এর আওতায় 'বর্ণি বাঁওড় উন্নয়ন' শীর্ষক প্রকল্পের জন্য ক্রয়কৃত ঢাকা মেট্রো-গ-৩৫-৯৬২৪ নং সেডান গাড়িটি অকোজো ঘোষণা করে নিষ্পন্ন করার কার্যক্রম চলমান আছে।	(ক) প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বিধি মোতাবেক সংস্থাসমূহের টি.ও.এন্ড.ই তে অন্তর্ভূক্তকরণ অথবা দ্রুত পরিবহণ পুলে জমা দিতে হবে। আগামী সভায় বাপাউবোর টি.ও.এন্ড.ই ভূক্ত এবং সমাপ্ত প্রকল্পের টি.ও.এন্ড.ই বহির্ভূত গাড়ীর তালিকা প্রেরণ করতে হবে। (খ) প্রকল্পের ইকুপমেন্ট মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে ব্যবহার করতে হবে। (গ) বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর ঢাকা মেট্রো-গ-৩৫-৯৬২৪ নং সেডান গাড়িটি অকেজো ঘোষনা করে দ্রুত নিষ্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল সংস্থা এবং সংশ্লিষ্ট উন্নয়ন শাখা, প্রশাসন-১ শাখা পাসম।

১৪.	প্রকল্পের তথ্য ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত।	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চলমান ও সমাপ্ত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্যাদি বাপাউবো'র ওয়েবসাইটে স্ব-প্রণোদিতভাবে প্রকাশ করা হয়। বাহাওজউঅ, ওয়ারপো, জে আর সি, নগই কর্তৃক স্বপ্রণোধিত হয়ে প্রকল্পের তথ্য ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	উপকারভোগীর সংখ্যা উল্লেখপূর্বক স্ব-প্রণোদিত হয়ে প্রকল্পের তথ্য ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।	সকল সংস্থা প্রধান এবং পরিকল্পনা উইং পাসম
১৫.	বিবিধবিষয়: (ক) করোনা ভাইরাস।	কোভিড-১৯ সংক্রমণ মোকাবেলায় এ মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সম্প্রতি জারীকৃত পত্র যথাযথভাবে প্রতিপালনের নির্দেশনা প্রদান করা হয়েছে।প্রেরিত পত্রের আলোকে নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে।	মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত পত্রের নির্দেশনার আলোকে পাসম কর্তৃক প্রদত্ত্ব নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করতে হবে।	সকল সংস্থা ও সকল অধিশাখা/শাখা, পাসম।
	(খ) গৃহহীনদের গৃহ প্রদানের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্পের জন্য ভূমি পুনরুদ্ধার।	(ক) সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে দেশব্যাপী বাপাউবো'র বাঁধের পার্শ্বের খাস জমি/অধিগ্রহণকৃত অব্যবহৃত খাস জমি সনাক্তকরণ ও খাস জমি নির্বাচনের পর Dredged Material দ্বারা ভূমি উন্নয়ন করে গৃহহীনদের ঘর নির্মাণের লক্ষ্যে নির্বাহী প্রকৌশলীগণ সংশ্লিষ্ট জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সাথে যোগাযোগ রেখে কার্যক্রম অব্যহত রাখছেন। (খ) সমন্বয় সভার সিদ্ধান্ত অনুসারে বাপাউবোর ড্রেজার পরিদপ্তর, নারায়ণগঞ্জ ও খুলনা হতে বিভিন্ন জোনের প্রয়োজন অনুসারে ড্রেজার বন্টন করে দেয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর হতে পত্রমারফত বিষয়টি সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করা হয়েছে।	ক) পানি সম্পদ মন্ত্রণালয়ের ৬৪ জেলায় বেড়ী বাঁধের অধিগ্রহণকৃত/খাস জমিতে গৃহহীনদের ঘর নির্মাণের লক্ষ্যে খননকৃত মাটি (Dredged Material) দ্বারা ভূমি উন্নয়ন করে নির্বাহী প্রকৌশলীগণ জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। খ) বাপাউবোর ড্রেজার পরিদপ্তর, নারায়ণগঞ্জ ও খুলনা হতে বিভিন্ন জোনের প্রয়োজন অনুসারে ড্রেজার বন্টন করে দেয়ার ব্যবস্থা গ্রহণের অগ্রগতি প্রেরণ করবে।	মহাপরিচালক, বাপাউবো।

(গ) বাপাউবোর একটি ডেল্টা উইং সৃজন।	যুগ্মসচিব (প্রশাসন) জানান, (ক) 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' বাস্তবায়নে পানি সম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহ প্রধান ভূমিকা পালন করছে এবং বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনার অন্তর্ভুক্ত বিনিয়োগ পরিকল্পনার সিংহভাগ বাস্তবায়নে পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাগুলো প্রধান ভূমিকা পালন করবে। "বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০" সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বাপাউবো'তে সৃজনকৃত ডেল্টা উইং কাজ করছে। (খ) ডেল্টা প্ল্যান কার্যক্রম বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের প্রশাসন-২ শাখার ১৯ জুলাই ২০২২ তারিখের ৩৭৬ নম্বর অফিস আদেশে ০৪(চার) জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে।	(ক) 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বাপাউবোতে সৃজনকৃত ডেল্টা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। (খ) বিষয়টি আগামী সমন্বয় সভার আলোচ্যসূচি থেকে বাদ দিতে হবে।	মহাপরিচালক, বাপাউবো, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখা/কর্মশালা বাস্তবায়ন কমিটি এবং প্রশাসন-১ ও প্রশাসন-২ শাখা, পাসম।
(ঘ) হাওড় মাস্টার প্ল্যান আপডেটকরণ সংক্রান্ত।	হাওর মাস্টার প্ল্যান আপডেট প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রয়েছে।	হাওর মাস্টার প্ল্যান আপডেট করার জন্য প্রণীত সমীক্ষা প্রকল্প এর বিষয়ে যোগাযোগ করে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, বাহাজউঅ
(ঙ) মন্ত্রণালয়ের অফিস পরিদর্শন।	সভায় যুগ্মসচিব (প্রশাসন) জানান, বাজেট, আইন, অডিট, পরিবীক্ষণ ও বাস্তবায়ন-১, ও প্রশাসন-২ শাখাসহ মোট ০৫টি শাখার শাখা পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। সভাপতি, মন্ত্রণালয়ের প্রত্যেক কর্মকর্তাকে নিজ নিজ দপ্তর/শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সচিবালয় নির্দেশমালা মোতাবেক কাজ সম্পাদনের জন্যও নির্দেশনা প্রদান করেন।	মন্ত্রণালয়ের যে সকল কর্মকর্তা নিজ নিজ দপ্তর/শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেননি সে সকল কর্মকর্তা স্ব-স্ব দপ্তর/শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবে এবং সচিবালয় নির্দেশমালা মোতাবেক কাজ সম্পাদন করবে।	সকল কর্মকর্তা, পাসম

	(চ) বাপাউবোর কর্মকর্তাদের অফিসিয়াল মোবাইল ফোন ব্যবহার।	বাপাউবোর সকল কর্মকর্তাদের অফিসিয়াল মোবাইল ফোন নম্বর ব্যবহারের নির্দেশনা প্রদান করে গত ২১.০৪.২০২২খ্রিঃ মাঠ দপ্তরসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। সকল প্রকল্প সাইটে প্রকল্পের সাইট অফিস এবং আইপি ক্যামেরা স্থাপনের জন্য সকল প্রকল্প পরিচালকগণকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের লক্ষ্যে সমন্বয় সভার সিদ্ধান্তটি অবহিত করা হয়েছে। সভায় সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব জানান, অনেক জেলায় বাপাউবোর কর্মকর্তাদের মোবাইল ফোনে পাওয়া যায় না। এ বিষয়ে চীফ মনিটরিং বাপাউবো জানান, অধিকাংশ মোবাইল সীম কার্ড হালনাগাদ করা হয়েছে। কিছু সীম কার্ডের হালনাগাদ করণ কাজ চলমান রয়েছে। শ্রীঘই হালনাগাদ হবে। এ ছাড়াও চাঁপাই নবাবগঞ্জে আইপি ক্যামেরা বসানো হয়েছে। বর্তমানে ৮টি সচল আছে। আগামী ১৫ দিনের মধ্যে অবশিষ্ট আইপি ক্যামেরা সচল করা হবে।	বাপাউবোর সকল কর্মকর্তাগণের অফিসিয়াল মোবাইল ফোন নম্বর ব্যবহারের বিষয়টি কঠোরভাবে নিশ্চিত করতে হবে। অফিসিয়াল মোবাইল ফোন নম্বর ব্যবহার করা হচ্ছে কি না তা মন্ত্রণালয়ের ৩ জন কর্মকর্তা মনিটরিং করবে। এ বিষয়ে প্রশাসন-২ শাখা একটি মনিটরিং টিম গঠন করবে। বাপাউবো প্রজেক্ট সাইট অফিসে আইপি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রশাসন-২ শাখা পাসম।
	(ছ) সভায় সংস্থাসমূহের কর্মকান্ড উপস্থাপন।	সভাপতি বলেন, প্রতিমাসের সমন্বয় সভায় সংস্থাসমূহ তাদের কর্মকান্ড উপস্থাপন করবেন।	আগামী সমন্বয় সভায় সংস্থাসমূহ তাদের কর্মকান্ড উপস্থাপন করবেন।	মহাপরিচালক, ওয়ারপো।

৩। সভাপতি সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.৪৪৩

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯
১১ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৪ আগস্ট ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দাখিলের অনুরোধসহ।

১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৩) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৫) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) ..... (সকল অধিশাখা/শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ

৮) উপসচিব, পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা-১, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

সুজিত হাওলাদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)